মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু করা হয়।

১৫ আগষ্ট সকাল ৯ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্থবক অর্পন এবং সকাল ৯.৩০ ঘটিকায় জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহর নেতৃত্বে সকল বিচারকবৃন্দের উপস্থিতিতে আদালত চত্ত্বরে ১ টি সফেদা গাছ লাগানো হয়। অতপর মেহেরপুর বিচার বিভাগীগের সকল বিচার, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে শোকসভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ’র সভাপতিত্বে শোক সভায় বক্তব্য রাখেন মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) মোঃ তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ এইচ এম কবির হোসেন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়াতুল্লাহ, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

এসময় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শারমিন নাহার, জেলা ও দায়রা জজ আদালতের প্রশাসনিক কর্মকর্তা মতিউল আশরাফ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা শেখ মোঃ আহছানুল হক, জেলা জজ আদালতের নাজির ওসমান গনি, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির আসাদুজ্জামান সহ মেহেরপুর বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ

বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

আজ মঙ্গলবার সকালে জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা নেতৃত্বে একটি শোক র্যালী শেষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন (রফা গাইন),বাগোয়ান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম।

উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলালউদ্দিন লাভলু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন, উপজেলা ইয়াং বাংলা ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটুসহ উপজেলা আওয়ামী লীগ, ছাত্রলীগ যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১১ জন

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১১ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ জন, ১৫১ ধারায় ১ জন ও ৩৫ ধারায় ১ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ৩ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর ও সিআর মামলায় ৩ জন এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ ও নিয়মিত মামলার ১ আসামি রয়েছে।

সদর, গাংনী ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)বৃন্দ এ তথ্য নিশ্চিত করেন।

সোমবার দিবাগত রাতের ভিন্ন ভিন্ন সময়ে আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ওসি সাইফুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এই অভিযানে অংশ নেন।

আজ মঙ্গলবার দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ডেঙ্গু প্রতিরোধে গাংনীতে হাঙ্গারের সচেতনতা কর্মসূচি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে।

এর অংশ হিসেবে প্রতিদিন বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবিরা একটি সচেতনতামূলক র্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

দি হাঙ্গারের স্বেচ্ছাসেবি ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য সম্বলিত প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে এ র্যালিতে অংশ নেন। দি হাঙ্গার প্রজেক্টর গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন, ভিটিআর সিরাজুল ইসলামসহ ইউনিয়ন সমন্বয়কারী ও স্থানীয় স্বেচ্ছাসেবিরা এ কর্মসূচিতে যোগ দেন।

পাশাপাশি দি হাঙ্গারের উদ্যোগে এলাকার ঝোপঝাড়, ড্রেন ও খানাখন্দে জমে থাকা পানিতে ফগার এবং স্প্রের সাহায্যে মশক নিধনের ওষুধ ছিটানো হয়। এছাড়া বিভিন্ন এলাকার পথচারী ও বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন স্বেচ্ছাসেবিরা।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন বলেন, বর্তমান সময়ে ডেঙ্গু মানুষের মাঝে আতংক তৈরী করেছে। তাই হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবি ও ইয়ূথ এন্ডিং হাঙ্গারের ছেলে মেয়েরা প্রতিটি গ্রামে গ্রামে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। বিশেষ করে উঠান বৈঠক, ঝোপ ঝাড় পরিস্কার করাসহ ডেঙ্গুবাহি মশার জিবানু ধ্বংশ করতে কাজ করছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি হঠাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে

মেহেরপুর পৌর আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের প্রায় ৮ মাস পর গত ফেব্রুয়ারীতে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হলেও সেটা এতদিন গোপন ছি। সম্মেলনের ১৪ মাস পার হওয়ার পর গত শনিবার থেকে বিভিন্ন সামাজিক মাধ্যমে ১লা ফেব্রুয়ারি ২০২৩ তারিখে গঠিত ও ৪ ফেব্রুয়ারি তারিখে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক স্বাক্ষরিত ৭১ সদস্য

বিশিষ্ট পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি ও ১৭ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ ঘোষণার চিঠি দেখতে পাওয়া যায়।

কমিটিতে সভাপতি হিসেবে রয়েছেন ইকবাল হোসেন বুলবুল ও সাধারণ সম্পাদক এড. খ.ম.ইমতিয়াজ বিন হারুন (জুয়েল)। ঘোষিত নয় জন সহ-সভাপতির মধ্যে খন্দকার মনিরুল ইসলাম এখন মৃত, বাকি সহ-সভাপতিদের মধ্যে রয়েছেন মেঃ ইয়ারুল ইসলাম, কে এম বদরুল হাসান বাবু, মাহফুজ আহমেদ রিঙ্কু, মোঃ নজরুল ইসলাম, মোঃ আনারুল ইসলাম, মোঃ সাইফুল ইসলাম পল্টু,মোঃ আব্দুল্লাহ আল মামুন, মোঃ খলিলুর রহমান, ৩ জন যুগ্ম-সাধারণ সম্পাদক হিসেবে রয়েছেন
মোঃ হায়দার আলী সিদ্দিকী, মোঃ সাজ্জাদুল আলম, মোঃ তানসেন আলী, ৩ জন সাংগঠনিক সম্পাদক মধ্যে রয়েছেন মোঃ সেলিম খান, মোঃ আব্দুর রফিক ও মোঃ শাহিনুল ইসলাম। আইন বিষয়ক সম্পাদক এড. মোঃ সরোয়ার হোসেন, কৃষি ও সমবায় বিষয়ক সম্পাদক মোঃ আব্দুল মান্নান সরকার, ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম, তথ্য ও গবেষণা সম্পাদক মোঃ শেখ সৌরাওয়ার্দী (জুয়েল),দপ্তর সম্পাদক মোঃ আরিফুল হক রনি, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃবনিয়াজ শেখ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ শহিদুল ইসলাম বুলু, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মোঃ রাসেল হক, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ আব্দুল মমিন দীপু, মহিলা বিষয়ক সম্পাদক মোছাঃ বিলকিস আরা, মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক মোঃ আব্দুল মজিদ পাতান, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মেঃ মিজানুর রহমান, শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক মোঃকামরুজ্জামান চঞ্চল, শ্রম বিষয়ক সম্পাদক হাসেম আলী পিয়াদা, সংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ আব্দুর রশিদ শেখ, সহ দপ্তর সম্পাদক মোঃ শফিকুল ইসলাম সাবান, সহ প্রচার সম্পাদক মোঃ ইকবাল হোসেন, কোষাধক্ষ্য সানোয়ার উদ্দিন আহমেদ (শহীদ)। এছাড়া কার্যকরী কমিটির সদস্য হিসেবে রয়েছেন সিরাজুল ইসলাম, ইমদাদুল হক ডাবু, এ এস এম ফরিদ উদ্দিন, বিল্লাল হোসেন, আক্কাচ আলী, সাজ্জাদুল আনাম, আরিফুল হক আরিফ, আব্দুল কুদ্দুস, বায়েজিদ হোসেন, আলামিন শেখ, রুহুল ইসলাম স্বপন, আনোয়ার হোসেন পিন্টু, ফিরোজ শেখ, মোয়াজ্জেম হোসেন, আহসান হাবি, এমদাদুল হক স্বপন, শ্রী অনন্ত কুমার হালদার, নামাজতুল্লাহ লাটু, গোলাম মোস্তফা মাস্টার, আব্দুল মান্নান, তোহিদুল ইসলাম, আব্দুল্লাহ, শওকত আলী, জালাল উদ্দিন খোকন, মফিজুর রহমান, আবু জাহিদ মোঃ তারিক, রিপন হক, শ্রী প্রবীর চন্দ্র অধিকারী, আসিকুজ্জামান সাগর, মিরাজুল ইসলাম, আব্দুল্লাহ হিল বাকী, সাজেদুর রহমান রানা, শরিফুল ইসলাম, আবু সাঈদ মোঃ ফারুক হোসেন এবং বুরহানুল আজিম রিয়াদ।

এই কমিটিতে উপদেষ্টা পরিষদের ১৭ জন সদস্য হিসেবে রয়েছেন এস এম মামুনুর রশিদ, রেহেনা আক্তার বীনা, এ জেড এম মারুফুজ্জোহা, আবুল কাশেম,আশরাফুল ইসলাম, মোঃ ফুলসুরাত শেখ, মিনারুল ইসলাম লাল মিয়া, মেজবাহ উদ্দিন খান, লিয়াকত আলী, আজিজুর রহমান, আব্দুল মজিদ, আব্দুর রাজ্জাক (দর্জি), মশিউর রহমান কচি, আবু জোহা বাচ্চু, এ জি এস সাদ্দাতুল মামুন, শফিকুর রহমান শফিক এবং নাসির উদ্দিন।

মেহেরপুরে অতিরিক্ত আইজিপি পরিচয়ে প্রতারণার দায়ে যুবক আটক

পুলিশের অতিরিক্ত আইজিপির পোশাক পরে ছবি ফেসবুক প্রোফাইলে দিয়ে প্রতারণার অভিযোগে মাহফুজুর রহমান জয় (২৪) নামের এক প্রতারককে আটক করেছে মুজিবগনগর থানা পুলিশ।

মাহফুজুর রহমান জয় মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের সাবেক ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান ডাবলুর ছেলে।

গতকাল রবিবার দিবাগত রাতে মোনাখালী বাজারের ঈদগাহ মাঠে অভিযান চালিয়ে মাহফুজুর রহমান জয়কে আটক করেন পুলিশ। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এইতথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, মাহফুজুর রহমান জয় নিজেকে পুলিশেরউর্দ্ধতন কর্মকর্তা পরিচয় দিয়ে সাধারণ মানুষ ও প্রশাসনের সাথে দীর্ঘদিন যাবত বিভিন্নপ্রতারণা করে আসছিলেন । তিনি আরও বলেন, মাহফুজুর রহমান জয়ে’র ব্যবহৃত মোবাইল ফোন জব্দ করে তার মোবাইলের গ্যালারিতে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তার পোশাক ও র্যাংক ব্যাজ পরা বিভিন্ন ছবি পাওয়াগেছে। এছাড়া আসামীর তার ফেসবুক এ্যাপে মো: মাহফুজুর রহমান (জয়) নামে আইডি লগ-ইন করা প্রোফাইলে পুলিশের অতিরিক্ত আইজিপির পোশাক পরা ছবি পাওয়া যায়। তার ফেসবুক আইডিতে পুলিশ পরিচয়ে বিভিন্ন পোস্ট পাওয়া যায়। সে নিজেকে বাংলাদেশ পুলিশের

ঊর্ধ্বতন কর্মকর্তার পরিচয় দিত। সে প্রতারণা করার উদ্দেশ্যে সরকারি কর্মকর্তার ছদ্মবেশধারণ করে সরকারি কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত পোশাক ও প্রতীক পরার অপরাধ সংগঠনের চেষ্টা করার অপরাধ করেছেন। এ

ঘটনায় মুজিবনগর থানার এসআই উত্তম কুমার বাদী হয়ে আসামীর বিরুদ্ধে থানায় একটি মামলা দায়ের করেন। মুজিবনগর থানার মামলা নং-১১,তারিখ-১৪/০৮/২০২৩, দণ্ডবিধি ধারা- ১৭০/১৭১/৪২০/৫১১ । তার বিরুদ্ধে পূর্বে অনলাইনজুয়ার অভিযোগে মামলা চলমান রয়েছে।

আজ সোমবার গ্রেফতারকৃত আসামীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে সৌদি প্রবাসীর স্ত্রীর বিষপানে আত্মহনন

গাংনী উপজেলার রামদেব গ্রামে উর্মিলা খাতুন (২২) নামের এক গৃহবধু বিষপান করে আত্মহত্যা করেছে। উর্মিলা খাতুন সৌদি প্রবাসী ইদ্রিস আলীর স্ত্রী।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

স্বামীর পরিবারের মানুষিক অত্যাচার সহ্য করতে না পেরে গতকাল রবিবার দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে বিষপান করে সে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে প্রথমে করমদী সন্ধানী হাসপাতালে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসার সময় পথের মধ্যে মারা যায় উর্মিলা।

এদিকে উর্মিলা মারা যাবার সাথে সাথে তার স্বামীর পরিবারের লোকজন ঘরে তালাবদ্ধ করে সবাই পালিয়ে যায়।

উর্মির্লার পিতা তেঁতুলবাড়িয়া গ্রামের রেজাউল ইসলাম বলেন, উর্মিলার ২ বছর আগে বিয়ে হয়েছে। সে স্বামীর পরিবারেই থাকে। স্বামী বিদেশ যাওয়ার পর থেকেই শশুর শাশুড়ি তার উপর মানুষিক

নির্যাতন চালিয়ে আসছে। এই নির্যাতন সহ্য করতে না পেরে আমার মেয়ে আত্মহত্যার পথ বেচে নিয়েছে।

এঘটনায় রেজাউল ইসলাম বাদী হয়ে মেয়ের শাশুড়ির পরিবালের লোকজনের নামে গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন বলে জানান তিনি।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের সাথে সমন্নয় করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন করা হয়েছে।

আজ রবিবার ১৩ আগষ্ট সকাল সাড়ে ১১টায় মেহেরপুর জেনারেল হাসপাতাল চত্বরে ১০০টি ভেষজ, ফলজ ও ফুলের গাছ রোপন করা হয়। এর আগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম ঢাকায় কেন্দ্রীয়ভাবে এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস ছাত্তার, আবাসিক মেডিকেল অফিসার ডা. মোখলেসুর রহমান পলাশ, ডা. ওবাইদুর রহমান, ডা. আব্দুর রশিদ, নার্স সুপারভাইজার নাজমা প্রমুখ।

গাংনীতে যাত্রাশিল্প পরিষদের সভাপতি আলী আজগর আর নেই

গাংনীতে যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের উপজেলা শাখার সভাপতি ও গাংনী সীমান্ত অপেরা’র সহকারী পরিচালক এবং উপজেলার গাঁড়াডোব গ্রাম আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক আলী আজগর (৫৮) মারা গেছেন।(ইন্নাইলাহি…… রাজিউন)।

আজ রবিবার মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি । তিনি বেশ কিছুদিন যাবত টাইফয়েড জ্বরে ভুগছিলেন।

আলী আজগর উপজেলার গাঁড়াডোব (পোড়াপাড়া) গ্রামের মৃত আওলাদ হোসেনের মেজো ছেলে।
রবিবার বাদ জোহর গাঁড়াডোব কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাযা শেষে নিকটস্থ গাঁড়াডোব কেন্দ্রীয় গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

মরহুম আলী আজগর তার স্ত্রী, ২ কন্যা -জামাইসহ অসংখ্য আত্মীয় ও শুভাকাঙ্খী রেখে গেছেন।

আজগর আলীর মৃত্যুতে গভীর শোক জানাতে নামাজের জানাযায় উপস্থিত থেকে মেহেরপুর-২ গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা আওয়ামীলীগের সেক্রেটারী মোখলেছুর রহমান মুকুল, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সেক্রেটারী অধ্যাপক সাইদুর রহমান, যুগ্ম সাধারন সম্পাদক মহিদুল ইসলাম মুহিত, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সেক্রেটারী হাজী শফি কামাল পলাশ, যুগ্ম সম্পাদক মজিরুল ইসলাম, গাংনী যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের সেক্রেটারী সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

গাংনীতে হেরোইনসহ যুবক আটক

৫ গ্রাম হেরোইনসহ ইমরান (২২) নামের এক যুবককে আটক করেছে গাংনী থানা পুলিশ। আটক ইমরান গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আজিমুদ্দীনের ছেলে।

গাংনী থানা পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে হেরোইনসহ আটক করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, গোপন তথ্যের ভিত্তিত্বে ইমরানের বাড়িতে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে হেরোইনসহ তাকে আটক করেন।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আটক ইমরানকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।